

আমপারা

(উচ্চারণসহ সহজ বাংলা ও ইংরেজি অনুবাদ)

সংকলক

মুহাম্মদ গোলাম কিবরিয়া

সম্পাদনা

মাওলানা মুহাম্মদ মূসা

সহযোগিতায়

মাও: ফখরুদ্দিন

আহসান নওফেল

র‍্যাকস পাবলিকেশন্স

বায়তুল মোকাররম

ঢাকা-১০০০

সংকলকের কথা

আল কুরআন সঠিকভাবে ও সহজে বুঝতে হলে এ কথাটি জানতে হবে যে, আল্লাহ তা'য়ালার কি উদ্দেশ্যে এ কিতাব নাযিল করেছেন। আদম (আ) ও বিবি হাওয়া (আ) কে বেহেশত থেকে দুনিয়ার প্রেরণের সময় তাঁরা শয়তানের ভয়ে অস্থির হয়ে গিয়েছিলেন। যে শয়তান এত কৌশল ও যোগ্যতার সাথে তাঁদেরকে বেহেশতে পর্যন্ত ধোঁকা দিতে পেরেছে, দুনিয়ায় না জানি ঐ দুশমনের হাতে কী দুর্গতি হয় -এ আশংকায় তাঁরা পেরেশান হয়েছিলেন। আল্লাহ তাঁদেরকে সান্ত্বনা দিয়ে বলেছেন, "আমার পক্ষ থেকে তোমাদের কাছে হেদায়াত আসবে। যারা ঐ হেদায়াত মেনে চলবে তাদের কোন ভয় নেই। আর তাদের ভাবনার কোন কারণও নেই।" সূরা আল বাকারা-৩৮

মানবজাতিকে সঠিক পথে চলার সুযোগ দেওয়ার উদ্দেশ্যেই নবী ও রাসূলগণের নিকট যুগে যুগে কিতাব পাঠানো হয়েছে। শয়তানের ধোঁকা, নাকসের তাড়না ও দুনিয়ার মোহ থেকে বেঁচে থেকে আল্লাহর হুকুম ও রাসূলের (সা) তরীকা মত যারা চলতে চায়, তাদেরকে সব যুগেই আল্লাহর কিতাব সরল ও সঠিক পথ দেখিয়েছে। কুরআন মাজীদ আল্লাহর ঐ মহান কিতাবেরই সর্বশেষ সংস্করণ এবং যার উপর এ কিতাব নাযিল হয়েছে তিনিও সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী ও রাসূল।

দুনিয়ার জীবনটা কিভাবে কাটালে দুনিয়ার শান্তি ও আখেরাতের মুক্তি পাওয়া যাবে- সে কথা শিক্ষা দেয়ার জন্যই কুরআন এসেছে। দুনিয়াদারী বাদ দিয়ে বৈরাগী, সন্ন্যাসী ও দরবেশ হওয়ার শিক্ষা দিতে কুরআন আসেনি। মানুষ হিসেবে বেঁচে থাকতে হলে ঘর-সংসার, রুজি-রোজগার, বিয়ে-শাদি, ক্ষেত-খামার, ব্যবসা-বাণিজ্য, শাসন-বিচার, যুদ্ধ-সন্ধি ইত্যাদি যত কিছু মানুষকে করতে হয় সবই যাতে আল্লাহর হুকুম ও রাসূলের তরীকা অনুযায়ী করা যায়। সে কথা শিক্ষা দেয়ার জন্যই কুরআন এসেছে।

আল্লাহর ঘোষণা অনুযায়ী আল কুরআন যারা অধ্যয়ন-অনুসরণ করবে, মেনে চলবে, তাঁদের আল্লাহ আবার জান্নাতে প্রবেশ করাবেন। তাই নামাযের প্রতি রাকাতাতে কুরআন তিলাওয়াত বাধ্যতামূলক করা হয়েছে।

আল কুরআনের আমপারার ৩৮টি সূরা সাধারণত আমরা নামাযে বেশী তিলাওয়াত করি। তাছাড়া ফাতেহা তো প্রতি রাকাততেই পড়ি। এই পড়ার সাথে অর্থ অনুধাবন করতে পারলে পড়তে মজা পাওয়া যায়, নামাজে মনোযোগও ঠিক থাকে, আর তাতে সওয়াবও বেশী হয়।

সেই উদ্দেশ্যকে সামনে রেখে সম্মানিত পাঠকদের হাতে এই আমপারা গ্রন্থটি তুলে দিলাম। আরবী এবারতের সাথে উচ্চারণ সংযোজন করা হয়েছে। অন্য কলামে বাংলা তরজমা ও ইংরেজী তরজমা সংযোজন করা হয়েছে। সূরার শেষে সূরা সম্পর্কিত 'জরুরী' প্রয়োজনীয় কথা বলা হয়েছে।

আশা করি পাঠকগণ প্রতিদিনের আমলে অর্থসহ কুরআন তিলাওয়াত সংযোজন করে অধিক সওয়াব হাসিল করবেন। আর মহান রাসূল আলামীন আমার জন্য দয়া করে নাজাতের উসিলা করে দেবেন -এ কামনা করছি।

মুহাম্মদ গোলাম কিবরিয়া
ঢাকা, ২০ অক্টোবর, ২০২০

সূচিপত্র

সূরা নং	সূরার নাম	পৃষ্ঠা
১.	সূরা আল-ফাতিহা (সূচনা) The Opening	৭
৭৮.	সূরা আন-নাবা' (মহাসংবাদ) The Announcement	৯
৭৯.	সূরা আন-নাবা' আত (যারা নির্মমভাবে উৎপাটন করে) Those who tear out	১৬
৮০.	সূরা 'আবাসা (ক্রুদ্ধিত করা) He Frowned	১৪
৮১.	সূরা আত-তাক্বীর (ওটিয়ে ফেলা এবং নিঃপ্রাণ করা) The wrapped and overthrowing ...	৩১
৮২.	সূরা আল-ইনফিতার (বিদীর্ণ হওয়া) The Cleaving in Sunder	৩৬
৮৩.	সূরা আল-মুতাফফিহীন (ওজনে কারচুপিকারী) The Defrauding	৪০
৮৪.	সূরা আল-ইনশিকাক (বিদীর্ণ হওয়া) The Splitting Open	৪৭
৮৫.	সূরা আল-বুরুজ (সুদূর দুর্গময়) The Constellations	৫২
৮৬.	সূরা আত-তারিক (রাতে আত্মপ্রকাশকারী তারকা) The Night Commer	৫৭
৮৭.	সূরা আল-আ'লা (সুউচ্চ, সুমহান) The Most High	৬১
৮৮.	সূরা আল-গাশিয়া (আছন্নকারী বিপদ) The Overwhelming event	৬৬
৮৯.	সূরা আল-ফাজর (উষা) The Dawn	৭১
৯০.	সূরা আল-বানাদ (মক্কা নগরী) The City	৭৭
৯১.	সূরা আশ-শামস (সূর্য) The Sun.....	৮২
৯২.	সূরা আল-লাইল (রাত) The night	৮৬
৯৩.	সূরা আদ-দুহা (পূর্বাহ্ন) The morning Hours	৯১
৯৪.	সূরা ইনশিরাহ (প্রশান্ততা) The Consolation	৯৪
৯৫.	সূরা আত-তীন (আনজির, ডুমুর) The Fig	৯৭
৯৬.	সূরা আল-'আলাক (জমাটবাঁধা রক্ত) The Clot	১০০
৯৭.	সূরা আল-কদর (মহিমাবিত) The Power	১০৬
৯৮.	সূরা আল-বায়্যিনাহ (সুস্পষ্ট দলীল) The Evidence	১০৮
৯৯.	সূরা আল-যিল্‌যাল (প্রবল প্রকম্পন) The Earthquake	১১২
১০০.	সূরা আল-'আদিয়াত (উর্ধ্বশ্বাসে ধাবমান) The Courser.....	১১৪
১০১.	সূরা আল-কারি'আ (মহাপ্রলয়) The Calamity	১১৭
১০২.	সূরা আত-তাকাছুর (প্রাচুর্য লাভের প্রতিযোগিতা) Competition for wealth	১২০
১০৩.	সূরা আল-আসর (সময়কাল) The Afternoon	১২২
১০৪.	সূরা আল-হুমাযা (পশ্চাতে পরনিন্দা) The Backbiter	১২৪
১০৫.	সূরা আল-ফীল (হাতি) The Elephant	১২৬
১০৬.	সূরা আল-কুরাইশ (কুরাইশ গোত্র) The Quraysh	১২৮
১০৭.	সূরা আল-মা'উন (সাধারণ প্রয়োজনীয় জিনিস) The Small Kindness	১৩০
১০৮.	সূরা আল-কাওসার (জান্নাতের নদী) The Abundance	১৩২
১০৯.	সূরা আল-কাফিরুন (কাফির সম্প্রদায়) The Disbelievers	১৩৪
১১০.	সূরা আন-নাসর (সাহায্য করা) Divine Support	১৩৬
১১১.	সূরা আল-লাহাব (আবু লাহাব) The Blazing Flame	১৩৮
১১২.	সূরা আল-ইখ্লাস (বিগুপ্ততা/একনিষ্ঠতা) Purity of Faith	১৪০
১১৩.	সূরা আল-ফালাক (উষা) The Daybreak	১৪২
১১৪.	সূরা আন-নাস (মানব সম্প্রদায়) The Mankind	১৪৩

سُورَةُ الْفَاتِحَةِ – Surah Al-Fatiha

১. সূরা : আল-ফাতিহা (সূচনা - The Oppening)

আয়াত : ৭, রুকু : ১, মাকী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

(বিস্মিল্লা-হির রাহমা-নির রাহীম)

পরম করুণাময় অতীব দয়াবান আল্লাহর নামে

In the name of Allah, the most Gracious, the most Merciful.

১. সমস্ত প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক আল্লাহর জন্য। All praise be to Allah, The Cherisher and Sustainer of the Worlds.	১. الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿٧﴾ (আলহামদু লিল্লা-হি রাব্বিল আ-লামীন)
২. যিনি দয়াময়, পরম দয়ালু। The Most Gracious, The Most Merciful;	২. الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿٧﴾ (আররাহমা-নির রাহীম)
৩. বিচার দিনের মালিক। Sovereign of the Day of Judgement.	৩. مَلِكِ يَوْمِ الدِّينِ ﴿٦﴾ (মা-লিকি ইয়াওমিদীন)
৪. আমরা শুধু আপনারই ইবাদত করি এবং আপনারই নিকট সাহায্য প্রার্থনা করি। It is you we worship, and upon you we call for help.	৪. إِلَهِكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ﴿٦﴾ (ইয়া-কা না'বুদু ওয়া ইয়া-কা নাস্তায়ি-ন)
৫. আমাদেরকে সরল সঠিক পথ প্রদর্শন করুন। Guide us the straight way;	৫. اهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ ﴿٧﴾ (ইহদিনাস সিরাত-তাল মুস্তাকীম)

৬. তাঁদের পথে যাদেরকে আপনি অনুগ্রহ দান করেছেন। The way of those upon whom you have blessed.	١. سِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۚ (সিরা-তান্নাগীনা আন'আমতা 'আলাইহিম)
৭. যারা অভিশপ্ত ও পথভ্রষ্ট তাদের পথে নয়। Not of those against whom there is anger, nor of those who are misguided.	٢. غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ ۚ (গাইরিল মাগদ্ব-বি আলাইহিম ওলাদ্বদ-দ্বীন)

সূরা ফাতিহা সম্পর্কে প্রয়োজনীয় কথা

- ১। সূরা ফাতিহা অহি নাজিলের প্রথম দিকে প্রথম পূর্ণাঙ্গ সূরা হিসেবে নাজিল হয়। এর আগে কিছু খণ্ড খণ্ড আয়াত নাজিল হয়েছিল।
- ২। 'ফাতহন' শব্দের অর্থ উন্মুক্ত, আরম্ভ বা শুরু করা। এ সূরা দ্বারা কুরআন শরীফ শুরু করা হয়েছে তাই ফাতিহা নামে নামকরণ করা হয়েছে।
- ৩। এ সূরাটিকে 'উম্মুল কুরআন' বা কুরআনের মা বলা হয়। অর্থাৎ এটি কুরআনের মূল বা ভিত্তি।
- ৪। এ সূরাটির মাধ্যমে বান্দাগণ আল্লাহর কাছে 'সিরাতুল মুস্তাকীম' বা সরল সঠিক পথ প্রার্থনা করে। তাই এটি শ্রেষ্ঠতম দু'আ।
- ৫। আল্লাহ তা'আলা সূরাটিকে বান্দাদের জন্য একটি দরখাস্তের নমুনা হিসেবে উপস্থাপন করেছেন। এটি বার বার পঠিত সূরা।
- ৬। এ সূরার প্রথম তিন আয়াতে যার কাছে চাইতে হবে তার পরিচয়, পরের আয়াতে করা চাইলে পাবে এবং শেষের আয়াতগুলোতে কি চাইতে হবে তা মানব জাতিকে শিক্ষা দেয়া হয়েছে।

سُورَةُ النَّبَاِ – Surah An-Naba

৭৮. সূরা : আন-নাবা (মহাসংবাদ - The Announcement)

আয়াত : ৪০, রুকু : ২, মাক্কী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

(বিস্মিল্লা-হির রাহমা-নির রাহীম)

পরম করুণাময় অতীব দয়াবান আল্লাহর নামে

In the name of Allah, the most Gracious, the most Merciful.

১. তারা একে অপরের কাছে কী বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে? What are they asking one another (about)?	১. عَمَّ يَتَسَاءَلُونَ ﴿١﴾ (‘আম্মা ইয়াতাসা-আলুন)
২. সে মহাসংবাদের বিষয়ে নাকি ? About the great news i.e. [Islamic Monotheism, the Qur'an which Prophet Muhammad (SM) brought and the Day of Resurrection].	২. عَنِ النَّبَاِ الْعَظِيمِ ﴿٢﴾ (‘আনিন নাবাইল ‘আযীম)
৩. যে বিষয়ে তাদের মধ্যে মতানৈক্য আছে। About which they are in disagreement.	৩. الَّذِي هُمْ فِيهِ مُخْتَلِفُونَ ﴿٣﴾ (আল্লাযী হুম ফীহি মুখতালিফুন)
৪. কক্ষনো না, (তাদের ধারণা অবাস্তব) তারা অতি শীঘ্রই জানতে পারবে। Nay, they will soon come to know.	৪. كَلَّا سَيَعْلَمُونَ ﴿٤﴾ (কাল্লা সাইয়া‘লামুন)
৫. আবার বলছি, কক্ষনো না, তারা অচিরেই জানতে পারবে। Nay, again they will soon come to know!	৫. ثُمَّ كَلَّا سَيَعْلَمُونَ ﴿٥﴾ (ছুম্মা কাল্লা সাইয়া‘লামুন)

৬. আমি কি জমিনকে বিছানা সদৃশ করিনি?

Have we not made the earth as a resting place?

٦. أَلَمْ نَجْعَلِ الْأَرْضَ مِهْدًا ۝

(আলাম নাজ'আলিল আরদা মিহা-দা)

৭. এবং পর্বতসমূহকে পেরেক সদৃশ?

And the mountains as pegs?

٧. وَالْجِبَالِ أَوْتَادًا ۝

(ওয়ালজিবা-লা আওতা-দা-)

৮. আর আমি সৃষ্টি করেছি তোমাদেরকে জোড়ায় জোড়ায়।

And we have created you in pairs (male and female, tall and short, good and bad).

٨. وَخَلَقْنَاهُ أَزْوَاجًا ۝

(ওয়াখালাকনা-কুম আযওয়া-জা-)

৯. তোমাদের ঘুমকে করেছি বিশ্রামের বাহন।

And we have made your sleep as [a thing for] rest.

٩. وَجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ۝

(ওয়াজা'আলনা নাওমাকুম সুবা-তা-)

১০. রাতকে করেছি আচ্ছাদন।

And we have made the night as a covering (through its darkness).

١٠. وَجَعَلْنَا اللَّيْلَ لِبَاسًا ۝

(ওয়াজা'আলনাল লাইলা লিবা-সাও)

১১. এবং দিনকে করেছি জীবিকা আহরণের সময়।

And we have made the day for livelihood.

١١. وَجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ۝

(ওয়াজা'আলনান নাহা-রা মা'আ-শা-)

১২. আর আমি নির্মাণ করেছি তোমাদের উর্ধ্বদেশে সুস্থিত সপ্ত আকাশ।

And we have built above you seven strong (heavens).

١٢. وَبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شَدِيدًا ۝

(ওয়াবানাইনা ফাওকাকুম সাব'আন শিদা-দা-)

১৩. এবং সৃষ্টি করেছি প্রদীপ্ত প্রদীপ।

And we have made (therein) a shining lamp (sun).

١٣. وَجَعَلْنَا سِرَاجًا وَهَّاجًا ۝

(ওয়াজা'আলনা সির-জাও ওয়াহহা-জা-)